# চট্টগ্রাম বোর্ডের এইচএসসি পরীক্ষা স্থগিত

**নিজস্ব প্রতিবেদক**
০৯ জুলাই ২০২৬, ১২:০০ এএম

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষায় গতকাল চতুর্থ দিনটি ছিল ঘটনাবহুল। একদিকে অসদুপায় অবলম্বনের দায়ে এক দিনেই ৯৫ জন পরীক্ষার্থী বহিষ্কার হওয়ায় আগের তিন দিনের রেকর্ড ছাড়িয়ে গেছে। অন্যদিকে বন্যা ও বৈরী আবহাওয়ার কারণে চট্টগ্রাম বোর্ডের পরীক্ষা স্থগিতের সুযোগ নিয়ে সোশ্যাল মিডিয়ায় ছড়ানো হয় ভুয়া বিজ্ঞপ্তি।

এতে বিভ্রান্তি তৈরি হলে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি দ্রুত সতর্কবার্তা দিয়ে কেবল সরকারি সূত্রের তথ্য অনুসরণের আহ্বান জানায়।

এক দিনেই বহিষ্কার ৯৫, শীর্ষে কুমিল্লা বোর্ড : আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তথ্য অনুযায়ী, গতকাল ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে অনুষ্ঠিত ইংরেজি (আবশ্যিক) দ্বিতীয় পত্র পরীক্ষায় নিবন্ধিত ৯ লাখ ৬৯ হাজার ২৩ জন পরীক্ষার্থীর মধ্যে অংশ নেন ৮ লাখ ৮৩ হাজার ১৮৮ জন। অসদুপায় অবলম্বনের অভিযোগে এসব বোর্ডে ৮০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

একই দিনে মাদ্রাসা শিক্ষা বোর্ডে বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষায় ৩ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে বিজনেস ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন ও পদার্থবিজ্ঞান বিষয়ে ১২ জন বহিষ্কৃত হন। সব মিলিয়ে চতুর্থ দিনে বহিষ্কারের সংখ্যা দাঁড়ায় ৯৫ জন। এর আগে প্রথম দিন বহিষ্কার হয়েছিল ৭ জন, দ্বিতীয় দিন ১৭ জন এবং তৃতীয় দিনে ৪৮ জন।

বোর্ডভিত্তিক হিসাবে সবচেয়ে বেশি ২০ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছেন কুমিল্লা শিক্ষা বোর্ডে। এরপর দিনাজপুরে ১৪, ময়মনসিংহ ও বরিশালে ১০ জন করে, ঢাকায় ৯, যশোরে ৮, রাজশাহীতে ৭ এবং সিলেটে ২ জন বহিষ্কৃত হয়েছেন।

চট্টগ্রামে পরীক্ষা স্থগিত, ভুয়া বিজ্ঞপ্তিতে বিভ্রান্তি : বন্যা ও বৈরী আবহাওয়ার কারণে গতকাল চট্টগ্রাম বোর্ডের অধীন নির্ধারিত পরীক্ষা স্থগিত করা হয়। তবে দেশের বাকি সাতটি বিভাগে সূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

পরীক্ষা স্থগিতের সিদ্ধান্তের পর সোশ্যাল মিডিয়ায় একটি ভুয়া বিজ্ঞপ্তি ছড়িয়ে পড়ে। সেখানে দাবি করা হয়, স্থগিত হওয়া পরীক্ষা দুপুর ১টায় অনুষ্ঠিত হবে। পরে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি জানায়, পরীক্ষা সংক্রান্ত সব সিদ্ধান্ত শিক্ষা মন্ত্রণালয়, আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডগুলোর সরকারি ওয়েবসাইট ও ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশ করা হয়। গুজবে কান না দিয়ে যাচাই করা তথ্য অনুসরণের আহ্বান জানানো হয়েছে।

স্থগিত পরীক্ষার নতুন সূচি পরে : চট্টগ্রাম শিক্ষা বোর্ড জানিয়েছে, বুধবার স্থগিত হওয়া পরীক্ষার নতুন তারিখ এখনও নির্ধারণ হয়নি। নতুন সময়সূচি পরে ঘোষণা করা হবে।

এদিকে আগামী শনিবার অনুষ্ঠেয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য পরীক্ষা নির্ধারিত সময়েই হবে কি না, আবহাওয়া পর্যবেক্ষণের পর সে সিদ্ধান্ত নেওয়া হবে।

উল্লেখ্য, চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে অংশ নিচ্ছেন ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ জন পরীক্ষার্থী। এর মধ্যে ছাত্র ৬ লাখ ২১ হাজার ৯৬৯ জন এবং ছাত্রী ৬ লাখ ৪৮ হাজার ৬১৪ জন। এবারও ছাত্রের তুলনায় ছাত্রীর সংখ্যা বেশি।